যুগান্তর

তারিখ 7 JAN 2017
পৃষ্ঠা ২-২ কলাম ৬

# পার্বতীপুরে বঙ্গবন্ধু স্কুলের ভবন উদ্বোধন

প্রতিনিধি, পার্বতীপুর (দিনাজপুর)

প্রাথমিক ও গণশিক্ষামন্ত্রী অ্যাডভোকেট মোস্তাফিজুর রহমান এমপি গত বৃহস্পতিবার বিকেলে সাড়ে ৫টায় পার্বতীপুর শহরের বঙ্গবন্ধু উচ্চ বিদ্যালয়ের দ্বিতল একাডেমিক ভবন উদ্বোধন করেন। শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের সাড়ে ৫৮ লাখ টাকা ব্যয়ে ভবন নির্মাণ কাজ বাস্তবায়ন করেন দিনাজপুরের ঠিকাদার এমদাদুল হক। উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন মন্ত্রীর একান্ত সচিব শেখ আতাহার হোসেন, ইউএনও তরফদার মাহমুদুর রহমান, মডেল থানার ওসি মো. মোস্তাক আহমেদ, সাবেক উপজেলা চেয়ারম্যান আলহাজ তোফাজ্জল হোসেন, আওয়ামী লীগের সহ-সভাপতি অধ্যক্ষ নূরুল আমিন, সাধারণ সম্পাদক মো. রেজাউল করিম, অভিভাবকগণ ও গণ্যমান্য ব্যক্তিবর্গ। এ সময় মন্ত্রী প্রতিষ্ঠানের ছাত্রছাত্রীদের উদ্দেশে সংক্ষিপ্ত বক্তব্যে বলেন তোমাদের আন্তর্জাতিক মানের করে তৈরি হতে হবে এবং প্রতিযোগিতামূলক বিশ্বে টিকে থাকতে হবে।